

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
প্রশাসন-১ অধিশাখা
www.ird.gov.bd




পত্র নং:- ০৮.০০.০০০০.০২৬.৩৯.০৪৫.১৭ (অংশ-১)-১৪২

তারিখ:- ২৪ অগ্রহায়ণ, ১৪২৭
০৯ ডিসেম্বর, ২০২০

বিষয়ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগের উদ্ভাবন সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বিগত ১৩-০৯-২০২০ তারিখে অনুষ্ঠিত উদ্ভাবন টিমের সভায় গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- (ক) প্রত্যেক দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার আলোকে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের “উদ্ভাবনী সক্ষমতা” বৃদ্ধির প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন করতে হবে।
- (খ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, দপ্তর/সংস্থাসমূহ ও তাদের মাঠ পর্যায়ের দপ্তর সমূহে প্রদত্ত সেবাসমূহ হতে ন্যূনতম ০১ (এক) টি সেবা সহজীকরণের উদ্যোগ নিতে হবে।
- (গ) বছরে ন্যূনতম একটি ডিজিটাল সেবা চালুর উদ্যোগ নিতে হবে।
- (ঘ) আগামী ০৭ (সাত) দিনের মধ্যে উদ্ভাবনী ধারণার তালিকা এ বিভাগে প্রেরণ করতে হবে।
- (ঙ) ইতোমধ্যে চালুকৃত ও সফলভাবে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের অনুরূপ দপ্তরে চালু করার পদক্ষেপ নিতে হবে। যেমন : ‘বেনাপাস’।
- (চ) সকল দপ্তর/সংস্থায় চালুকৃত উদ্ভাবনী উদ্যোগের বিবরণ সম্বলিত ডকুমেন্ট তৈরী করে সফট কপিসহ এ বিভাগে প্রেরণ করতে হবে এবং স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে।


০২/১২/২০২০
(কানাই ক্বাল শীল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২০৮
০/৮

বিতরণঃ

- ১। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রেসিডেন্ট, ট্যাকসেস আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৪। প্রেসিডেন্ট, কাষ্টমস একসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

অনুলিপি:

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব (অডিট, রিপোর্ট ও ইনোভেশন), এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।